গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
**ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড**
**(মানবসম্পদ শাখা)**
এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ
সেক্টর-১৫-১৬, দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা-১২৩০
www.dmtcl.gov.bd

স্মারক নং: ৩৫.০৫.০০০০.০৪১.১১.০৪৫.২৬-৫৫৫

তারিখঃ ২৬ ফাল্গুন, ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ, ২০২৬ খ্রিষ্টাব্দ

## বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-০৮

শতভাগ সরকারি মালিকানাধীন Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর নিম্নলিখিত শূন্য পদসমূহে চুক্তিভিত্তিক জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে উল্লিখিত কোম্পানির বেতন গ্রেড, যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে:

| ক্রম | পদের নাম, বেতন গ্রেড ও মূল বেতন | পদ সংখ্যা | প্রার্থীর বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১. | পরিচালক (অর্থ ও হিসাব) গ্রেড-৩য় মূল বেতন-১,২৯,৯৫০ | ১ | সর্বোচ্চ ৬২ বৎসর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান/ফিন্যান্স-এ সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি অথবা হিসাববিজ্ঞান/ফিন্যান্স-এ Major সহ BBA এবং MBA ডিগ্রি অথবা Chartered Accountant (CA) অথবা Cost and Management Accountant (CMA) ডিগ্রি অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়। | মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব) অথবা সমমানের পদে ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে অর্থ ও হিসাব সম্পর্কিত কাজে ২০ (বিশ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২. | পরিচালক (প্ল্যানিং এন্ড ডেভেলপমেন্ট) গ্রেড-৩য় মূল বেতন-১,২৯,৯৫০ | ১ | সর্বোচ্চ ৬২ বৎসর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সিভিল ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়। | মহাব্যবস্থাপক (প্ল্যানিং/ডেভেলপমেন্ট/ পিওয়ে ও সিভিল) অথবা সমমানের পদে ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে প্ল্যানিং অথবা ডেভেলপমেন্ট সম্পর্কিত কাজে অথবা এমআরটি/রেলওয়েতে ডিজাইন, নির্মাণ কাজে সর্বমোট ২০ (বিশ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৩. | মহাব্যবস্থাপক (অপারেশন) গ্রেড-৪র্থ মূল বেতন-১,১৫,০০০/- | ১ | সর্বোচ্চ ৬২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিকস্ এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি;<br>(খ)শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়। | কোন সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে ১৫ (পনের) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশ রেলওয়ে অথবা কোন MRT তে অপারেশন সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৪. | মহাব্যবস্থাপক (সিগন্যালিং এন্ড টেলিকম) গ্রেড-৪র্থ মূল বেতন-১,১৫,০০০/- | ১ | সর্বোচ্চ ৬২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রনিক্স এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক এন্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়। | উপ-মহাব্যবস্থাপক (সিগনালিং এন্ড পিএসডি/টেলিকম এন্ড এএফসি) অথবা সমমানের পদে ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে সিগনালিং এন্ড টেলিকম বিষয়ে ১৫ (পনের) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |

| ক্রম | পদের নাম, বেতন গ্রেড ও মূল বেতন | পদ সংখ্যা | প্রার্থীর বয়স | শিক্ষাগত যোগ্যতা | অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ৫. | মহাব্যবস্থাপক (ডেভেলপমেন্ট) গ্রেড-৪র্থ মূল বেতন- ১,১৫,০০০/- | ১ | সর্বোচ্চ ৬২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সিভিল ইঞ্জিনিয়ারিং/ মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/ ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়। | গ) উপ-মহাব্যবস্থাপক (সিভিল/ইএন্ডএম/ প্রজেক্ট প্লানিং/সিভিল এন্ড পি-ওয়ে/ ইলেকট্রিক্যাল এন্ড সিগনালিং/আরএস এন্ড মেকনিক্যাল) অথবা সমমানের পদে অভিজ্ঞতাসহ কোনো সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে এমআরটি/রেলওয়েতে ডিজাইন, নির্মাণ কাজে ৩ (তিন) বৎসর সহ সর্বমোট ১৫ (পনের) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৬. | উপ-মহাব্যবস্থাপক (পি-ওয়ে এন্ড সিভিল) গ্রেড-৫ম মূল বেতন- ৯৮,৯০০/- | ১ | সর্বোচ্চ ৬২ বছর | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে সিভিল ইঞ্জিনিয়ারিং-এ স্নাতক ডিগ্রি;<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়। | ব্যবস্থাপক (পি-ওয়ে/সিভিল) অথবা সমমানের পদে ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতাসহ MRT বা রেলওয়েতে পারমান্যান্ট ওয়ে কাজে ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ে ১০ (দশ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৭. | উপ-মহাব্যবস্থাপক (অপারেশন ম্যানেজমেন্ট) গ্রেড-৫ম মূল বেতন- ৯৮,৯০০/- | ১ | সর্বোচ্চ ৬২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং/সিভিল ইঞ্জিনিয়ারিং/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিকস্ এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রি;<br>(খ) শিক্ষাজীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণী অথবা সমমানের সিজিপিএ/জিপিএ গ্রহণযোগ্য নয়। | কোন সরকারি/বিধিবদ্ধ সংস্থা/সরকারি কোম্পানি অথবা খ্যাতি সম্পন্ন বেসরকারি কোম্পানিতে ৯ম গ্রেড বা তদুর্ধ্ব পর্যায়ে ১০ (দশ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। বাংলাদেশ রেলওয়ে অথবা কোন MRT তে অপারেশন এন্ড মেইন্টেন্যান্স অথবা অপারেশন কন্ট্রোল ম্যানেজমেন্ট পদ্ধতি সংক্রান্ত কাজে ন্যূনতম ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮. | উপাধ্যক্ষ গ্রেড-৫ম মূল বেতন- ৯৮,৯০০/- | ১ | সর্বোচ্চ ৬২ বছর | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় বা প্রতিষ্ঠান হতে যে কোন বিষয়ে সম্মানসহ স্নাতকোত্তর ডিগ্রি।<br>(খ) শিক্ষা জীবনের কোনো স্তরে ৩য় শ্রেণি/বিভাগ অথবা সমমানের সিজিপিএ/জিপিএ থাকতে পারবে না। | দেশে বা বিদেশের যেকোন প্রশিক্ষণ ইনস্টিটিউটে সর্বোচ্চ পদে ০৩ (তিন) বৎসরের কাজের অভিজ্ঞতাসহ ১০ (দশ) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা থাকতে হবে। তবে মেট্রো/রেলওয়ে প্রশিক্ষণ ইনস্টিটিউটে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |

**শর্তসমূহ/ অনুসরণীয় বিষয়সমূহ:**

১. প্রার্থীকে Dhaka Mass Transit Company Limited (DMTCL)-এর ওয়েব সাইটে (www.dmtcl.gov.bd) প্রদত্ত নির্ধারিত চাকরির আবেদন ফরমে আবেদন দাখিল করতে হবে;

২. নিয়োগ বিজ্ঞপ্তি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইট (www.rthd.gov.bd), ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ (ডিটিসিএ) এর ওয়েবসাইট (www.dtca.gov.bd) এবং DMTCL এর ওয়েবসাইট (www.dmtcl.gov.bd) হতে সংগ্রহ করা যাবে;

৩. সুস্বাস্থ্যের অধিকারী চাহিত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন কর্মঠ অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণও আবেদন করতে পারবেন;

৪. আবেদনপত্রের সঙ্গে আবেদনকারীকে অবশ্যই নিম্নলিখিত কাগজপত্রাদি **প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (কর্মকর্তার নাম ও সীলযুক্ত) কর্তৃক সত্যায়িত** করে সংযুক্ত করতে হবে:

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি;

(খ) প্রযোজ্য ক্ষেত্রে চাকরির বিবরণী অথবা আইডি নম্বরসহ Personal Data Sheet;

(গ) জাতীয় পরিচয় পত্রের ছায়ালিপি;

(ঘ) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়ালিপি; এবং

(ঙ) সকল প্রশিক্ষণ (প্রযোজ্য ক্ষেত্রে) ও অভিজ্ঞতার (প্রযোজ্য ক্ষেত্রে) সনদপত্রের ছায়ালিপি।২

৫. একজন প্রার্থী কেবলমাত্র ০১ (এক) টি পদে আবেদন করতে পারবেন;

৬. পরিচালক (অর্থ ও হিসাব) পদের ক্ষেত্রে বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারে কর্মরত অথবা অবসরপ্রাপ্ত কর্মকর্তাগণ -কে অগ্রাধিকার প্রদান করা হবে;

৭. ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড-এর অনুকূলে ২,০০০/- (দুই হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) এর মূল কপি আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে;

৮. মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা (এসএসসি) বা সমমানের পরীক্ষার সনদপত্রে উল্লিখিত জন্ম তারিখ অনুযায়ী **১০ মার্চ ২০২৬ তারিখ** পর্যন্ত প্রার্থীর বয়স গণনা করা হবে। বয়সের অন্য কোনো প্রমাণক গ্রহণযোগ্য হবে না;

৯. কর্মরত আগ্রহী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;

১০. বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করা হবে;

১১. আবেদনপত্র যাচাই-বাছাইয়ের পর সম্ভাব্য প্রার্থীদের একটি সংক্ষিপ্ত তালিকা প্রণয়ন করা হবে। কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকায় অন্তর্ভুক্ত প্রার্থীদের লিখিত ও মৌখিক অথবা শুধু মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং **এ ক্ষেত্রে কোন টিএ/ডিএ প্রদান করা হবে না;**

১২. মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জাতীয় পরিচয় পত্র এবং প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতার মূল কপি প্রদর্শন করতে হবে;

১৩. আবেদনপত্র যাচাই-বাছাই, নিয়োগ ইত্যাদি ক্ষেত্রে কোম্পানি কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ ইচ্ছা করলে পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে;

১৪. যে কোনো ধরণের তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে;

১৫. (ক) আবেদনপত্র আগামী **২৩ এপ্রিল ২০২৬** তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কেবলমাত্র ডাকযোগে বা কুরিয়ার সার্ভিসে **ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড, মেট্রোরেল ভবন, এমআরটি লাইন-৬ ডিপো, সোনারগাঁও জনপথ, সেক্টরঃ ১৫-১৬ দিয়াবাড়ি, উত্তরা, ঢাকা- ১২৩০** এর বরাবরে পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

(খ) হাতে হাতে কোনো আবেদনপত্র দাখিল করা যাবে না;

(গ) খামের উপর বাম দিকে **পদের নাম ও বিশেষ নিয়োগ বিজ্ঞপ্তি-০৮** উল্লেখ করতে হবে; এবং

(ঘ) প্রার্থীকে নিজের বর্তমান ঠিকানা ৯" × ৪" আকারের খামের উপরে স্পষ্টভাবে লিখে বা টাইপ করে এতে ১০ টাকা মূল্যমানের অব্যবহৃত ডাক টিকেট লাগিয়ে আবেদনপত্রের সঙ্গে অবশ্যই দাখিল করতে হবে।

১৬. উপরের **ক্রমিক-১ থেকে ক্রমিক-৯ এর** শর্তসমূহ পূরণকারী Non-Resident Bangladeshi (NRB) এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীগণও আবেদন করতে পারবেন;

১৭. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে কোম্পানিতে যোগদানের সময় ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা ও মুচলেকা সম্পাদন করতে হবে এবং প্রার্থীকে কোম্পানি হতে নির্ধারিত চিকিৎসক/চিকিৎসা প্রতিষ্ঠান কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;

১৮. চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে প্রাথমিকভাবে ০১ (এক) বছরের জন্য শিক্ষানবিশ কর্মকর্তা হিসেবে চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে। শিক্ষানবিশকালে সুস্থতা, কর্মসক্ষমতা ও দক্ষতা সন্তোষজনক না হলে কোনো প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো সময় চাকরি হতে অব্যাহতি দেয়া হবে। শিক্ষানবিশ চুক্তিকাল সফলতার সঙ্গে সম্পন্ন করলে পরবর্তী ০২(দুই) বৎসরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ প্রদান করা হবে;

১৯. কোনো তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকরিতে নিয়োগ প্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

২০. কর্তৃপক্ষ সরকারী বিধি-বিধানের সঙ্গে সাংঘর্ষিক নয় এমন কোনো শর্ত পরিবর্তন বা অতিরিক্ত শর্ত সংযোজন করতে পারবে এবং কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ বিজ্ঞপ্তির আংশিক সংশোধন বা সম্পূর্ণ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে; এবং

২১. বিভাগীয় প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি/ ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে; উল্লেখ্য, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) এর বেতন গ্রেডে নিযুক্ত প্রার্থীগণ বিভাগীয় প্রার্থী হিসেবে গণ্য হবেন।

১১/০৩/২৬

**এ, কে, এম, খায়রুল আলম**
পরিচালক (প্রশাসন), ডিএমটিসিএল
ও
সদস্য-সচিব, নিয়োগ কমিটি